দৈনিক সংবাদ

তারিখ 23 APR 1987

পৃষ্ঠা 5 কলাম 11

076

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা

এম, ফিল, ও পিএইচ, ডি কোর্সে

# ভর্তির বিজ্ঞপ্তি

১৯৮৭-৮৮ শিক্ষাবর্ষে জুলাই '৮৭ টার্মে এম, ফিল ও পি, এইচ, ডি কোর্সে নিম্নবর্ণিত বিভাগসমূহে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বাংলা, ইংরেজী, ইতিহাস, ভূগোল, অর্থনীতি, গণিত, পরিসংখ্যান, রসায়ন শাস্ত্র ও পদার্থ বিজ্ঞান।

১। এম, ফিল কোর্সে ভর্তির জন্য যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী।

(ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার একটিতে প্রথম বিভাগ এবং অপরটিতে দ্বিতীয় বিভাগ এবং অন্ততঃপক্ষে স্নাতক পাস/সম্মান অথবা স্নাতকোত্তর পরীক্ষার একটিতে গড়পড়তা ৫৫% নম্বর এবং অপরটিতে গড়পড়তা ৫০% নম্বর থাকতে হবে।

(খ) স্নাতক পাস/সম্মান ও স্নাতকোত্তর পরীক্ষার একটিতে প্রথম বিভাগ ও অপরটিতে গড়পড়তা ৫৫% নম্বর প্রাপ্তদের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় দ্বিতীয় বিভাগ থাকলেই চলবে।

(গ) কোন অনুমোদিত কলেজ কিম্বা গবেষণামূলক প্রতিষ্ঠানে ২ বছর চাকরির অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের ক্ষেত্রে সকল পর্যায়ের পরীক্ষায় অন্যূন ৪৫% নম্বরসহ ২য় শ্রেণী/বিভাগ থাকলেই চলবে। এম, ফিল কোর্সে সার্বক্ষণিক গবেষণায় রত ছাত্র/ছাত্রীদের জন্য প্রতি বিভাগে মাসিক টাকা ৭৫০/-হারে ১টি করে বৃত্তির ব্যবস্থা রয়েছে।

২। পিএইচ,ডি কোর্সে ভর্তির জন্য যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী।

বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা অথবা স্নাতকোত্তর ডিগ্রী পর্যন্ত ভাল একাডেমিক রেকর্ডসহ অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং/অথবা শিক্ষা সংক্রান্ত গবেষণামূলক কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এম, ফিল, ডিগ্রীধারিগণও এই কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন।

প্রসঙ্গক্রমে উল্লেখ্য যে, উপরোক্ত কোর্সসমূহে ভর্তি হতে ইচ্ছুক চাকরিরত প্রার্থিগণ শিক্ষা ছুটি সহকারে সার্বক্ষণিক অথবা বহিরাগত (খণ্ডকালীন) প্রার্থী হিসেবে ভর্তির সুযোগ পেতে পারেন। তবে তাদেরকে স্ব স্ব নিয়োগ কর্মকর্তার মাধ্যমে ভর্তির জন্য আবেদন করতে হবে।

উপরে (১) ও (২) এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থিগণ সংশ্লিষ্ট বিভাগে প্রাপ্তব্য নির্ধারিত ভর্তি ফরমে আগামী ২০-৫-১৯৮৭ইং তারিখের মধ্যে বিভাগীয় সভাপতির নিকট ভর্তির জন্য আবেদন করতে পারেন। আবেদনপত্রের সঙ্গে সকল পর্যায়ের পরীক্ষার প্রত্যায়িত মার্কশীট ও ১ কপি পাসপোর্ট আকারের ছবি অবশ্যই জমা দিতে হবে। ভর্তি সংক্রান্ত অন্যান্য নিয়মাবলী সংশ্লিষ্ট বিভাগ কিংবা নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে জানা যেতে পারে।

উপ-রেজিস্ট্রার (শিক্ষা)

জি—১২২৮